ফাতওয়া নাম্বার: ৫৯৬ প্রকাশকালঃ১৩-১০-২০২৫ ইং

ব্যাংক-সম্পর্কিত কোম্পানি কিংবা প্রতিষ্ঠানের কার্ডমেশিন বিক্রির বিধান

প্রশ্ন:

আমি বিদেশের একটি প্রতিষ্ঠানে চাকরি করি, যাদের কাজ হলো বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে কার্ডমেশিন বিক্রি করা। আমি কাস্টমারদের এ মেশিন কেনার অফার দিই। তারা কিনলে আমি কমিশন পাই। এ কার্ডমেশিন ব্যাংকের সাথে সম্পর্কিত। কারণ, এর মাধ্যমে ভিসা, মাস্টার, ডেবিট, ক্রেডিট কার্ড ইত্যাদি ব্যবহার করা হয়ে থাকে এবং ব্যাংক থেকেই এসব কার্ড প্রদান করা হয়ে থাকে। এখন আমার জানার বিষয় হলো,

ক) কার্ডমেশিন সরবরাহকারী কোম্পানির কাছ থেকে কমিশন নেওয়া এবং তাদের হয়ে কাজ করা শরীয়ত অনুযায়ী কতটুকু বৈধ?

খ) এ কার্ডমেশিন বিক্রির মাধ্যমে আমি কি পরোক্ষভাবে ব্যাংকের সাথে যুক্ত হচ্ছি কিংবা মানুষকে ব্যাংক ব্যবস্থার দিকে উৎসাহিত করছি?

-আহমাদ

উত্তর:

সত্ত্বাগতভাবে কার্ডমেশিনের সঙ্গে সুদের কোনো সম্পর্ক নেই। কার্ডের কাজ মূলত অর্থ লেনদেন করা। তাছাড়া এই মেশিন সুদি লেনদেনে ব্যবহৃত হলেও এর অধিকাংশ ব্যবহার অসুদি লেনদেনের জন্য হয়ে থাকে। সে হিসেবে এই মেশিন বিক্রির মধ্যস্থতা করে উপার্জন করা নাজায়েয নয়। তবে অবশ্যই তাতে ক্রয় বিক্রয় ও ক্রয় বিক্রয়ে মধ্যস্থতার শরঈ নীতিমালা মানা জরুরি। যেমন মিথ্যা ও প্রতারণার আশ্রয় না নেওয়া, পণ্যের অবাস্তব বর্ণনা না দেওয়া ইত্যাদি। একইভাবে সুদি ব্যাংককে এই সেবা দেওয়া থেকে বিরত থাকাও জরুরি। -ফাতাওয়া শামী: ৪/২৬৮ ও ৫/৬৯; জাওয়াহিরুল ফিকহ: ৭/২৯৬-২৯৭; দারুল ইফতা, জামিয়া ইসলামি বিন্নুরি টাউন, ফতোয়া নং ১৪৪৫০১১০১৯১১

والله تعالى أعلم بالصواب

-আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২০-০৪-১৪৪৭ হি.
১৩-১০-২০২৫ ঈ.